

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১০৯টি প্রতিষ্ঠানকে ৪.৪৬ লক্ষ টাকা জরিমানা

২৩ মে ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্য লয় বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্য লয়ের ৩৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, জামালপুর, সিরাজগঞ্জ, নোয়াখালী, চাঁদপুর, দিনাজপুর, কক্সবাজার, গাইবান্ধা, নেত্রকোণা, মাগুরা, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুমিল্লা, মুন্সীগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, যশোর, রাজশাহী, নাটোর, কিশোরগঞ্জ, সিলেট, চুয়াডাঙ্গা, বগুড়া, মাদারীপুর, রংপুর, রাজশাহী, টাঙ্গাইল, খুলনা, গাজীপুর, হবিগঞ্জ, ফেনী, বাগেরহাট ও কুষ্টিয়ায় বাজার তদারকি করা হয়।

প্রধান কার্য লয়ের সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে আলামিনের ফলের দোকান, চৌধুরী ফলের দোকান, মিজান স্টারকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রসক সুইটস, মুসলিম সুইটসকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে মুসলিম হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে ঢাকা বিভাগীয় কার্য লয়ের সহকারী পরিচালক জনাব ইন্দ্রানি রায় কর্তৃক ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে পিন্টু মিয়ার ইফতারিকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৩৭টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৯৬টি প্রতিষ্ঠানকে ৩,২৭,৬০০/- (তিন লক্ষ সাতাশ হাজার ছয়শত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১৭,৫০০/- (সত্তর হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

গত ২৩ মে ২০১৯ তারিখে ৩৯টি বাজার তদারকি ও ৬টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১০৯টি প্রতিষ্ঠানকে মোট ৪,৪৬,৬০০/- (চার লক্ষ ছেঁচল্লিশ হাজার ছয়শত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১৭,৫০০/- (সত্তর হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্ম ড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্ম কর্তৃক পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্ম কর্তৃক স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

ফাহিমিনা আক্তার
সহকারী পরিচালক (কার্য ক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dnrcrp.gov.bd

প্রাপক,

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা/পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।